# সামাজিক সমস্যা
## Social Problems

### জনসংখ্যা বৃদ্ধি (Population Growth)

বাংলাদেশের এক নম্বর জাতীয় সামাজিক সমস্যা জনসংখ্যা সমস্যা। ১৯৭৬ সালে জাতীয় জনসংখ্যা নীতি প্রণীত হয়।

আদমশুমারি (Census) : একটি দেশের জনসংখ্যাকে আনুষ্ঠানিকভাবে গণনা করার পদ্ধতিকে আদমশুমারি বলে। ১৮৭২ সালে লর্ড মেয়োর শাসনামলে ভারতবর্ষে প্রথম আদমশুমারি হয়। বাংলাদেশে এ পর্যন্ত ৫টি আদমশুমারি হয়। যথা- ১৯৭৪ সালে, ১৯৮১ সালে, ১৯৯১ সালে, ২০০১ সালে এবং ২০১১ সালে। ১৫-১৯ মার্চ, ২০১১ বাংলাদেশে সর্বশেষ আদমশুমারি হয়। আগামী আদমশুমারি হবে ২০২১ সনে। আদমশুমারি পরিচালনা করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

### শিশু শ্রম (Child Labour)

সাবলকত্ব প্রাপ্তির পূর্ব পর্যন্ত মানব সন্তানকে শিশু বলা হয়। ১৯৭৪ সালে বাংলাদেশে সর্বপ্রথম শিশু আইন প্রণীত হয়। ১৯৮৯ সালের ২০ নভেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে সর্বসম্মতিক্রমে 'আন্তর্জাতিক শিশু অধিকার সনদ' গৃহীত হয়। ১৯৯০ সালের ৩ আগস্ট বাংলাদেশ সনদে অনুস্বাক্ষর করে। C.R.C (The Committee on the Rights of the Child) শিশু অধিকার সনদে স্বাক্ষরকারী দেশসমূহে সনদের বাস্তবায়ন পর্যবেক্ষণ করে। জাতিসংঘ শিশু অধিকার সনদ বাস্তবায়নের নিমিত্তে শিশু আইন, ২০১৩ প্রণীত হয় এবং ১৯৭৪ সালের শিশু আইনকে রহিত করা হয়। ২০০১ - ২০১০ খ্রিস্টাব্দকে সার্ক শিশু অধিকার দশক ঘোষণা করে শিশুদের অধিকার প্রতিষ্ঠা এবং সুরক্ষার জন্য তাগিদ দেয়।

বিভিন্ন আইনে শিশুর বয়স

| আইন / সনদ | শিশুর বয়স |
|---|---|
| শিশু আইন, ১৯৭৪ | ০ হতে ১৬ বছর |
| নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ | |
| জাতীয় শিশু নীতি - ২০১১ | ০ হতে ১৮ বছর |
| শিশু আইন, ২০১৩ | |
| জাতিসংঘ শিশু অধিকার সনদ | |

২০০৬ সালে প্রণীত হয় 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬'। ২০১৩ সালে আইনটি সংশোধিত হয়। শ্রম আইন মোতাবেক, যে শিশুর বয়স ১৪ বছর পূর্ণ হয়নি, তাকে কারখানায় নিয়োগ দেয়া যাবে না। কিন্তু ১৪ বছর পূর্ণ হয়েছে কিন্তু ১৮ বছর পূর্ণ হয় নি, তাদের শর্তসাপেক্ষে নিয়োগ করা যাবে।

### বাল্যবিবাহ (Child Marriage)

১৯২৯ সালে প্রণীত হয় 'বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯'। ১৯৮৪ সালে এই আইনের সংশোধন এনে বিয়ের ন্যূনতম বয়স নির্ধারণ করা হয় মেয়েদের জন্য ১৮ বছর এবং ছেলেদের জন্য ২১ বছর।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## কিশোর অপরাধ (Juvenile delinquency)

অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা কিশোরদের দ্বারা সংগঠিত বিভিন্ন ধরনের অপরাধকে কিশোর অপরাধ বলে। বাংলাদেশ, ভারত, শ্রীলঙ্কায় ৭ থেকে ১৬ বছর বয়সী কিশোরদের অপরাধমূলক কাজকে কিশোর অপরাধ বলে। কিশোর অপরাধের বিচার ব্যবস্থার উদ্দেশ্য হচ্ছে তাদেরকে সাজা দেয়া নয় বরং তারা যেন তাদের ভুলগুলো উপলব্ধি করে এবং সংশোধন হওয়ার সুযোগ পায়। আইন অনুযায়ী অভিযুক্ত ও দোষী শিশু, আনুষ্ঠানিক সংশোধন প্রয়োজন এমন কিশোরদেরকে সংশোধন কেন্দ্রে প্রেরণ করতে হবে। বাংলাদেশে ২টি জাতীয় কিশোর উন্নয়ন কেন্দ্র এবং ১টি জাতীয় কিশোরী উন্নয়ন কেন্দ্র আছে। গাজীপুরের টঙ্গীতে বাংলাদেশের প্রথম জাতীয় কিশোর উন্নয়ন কেন্দ্র স্থাপিত হয়। দ্বিতীয় জাতীয় কিশোর উন্নয়ন কেন্দ্র যশোরের পুলেরহাটে অবস্থিত। বাংলাদেশের একমাত্র জাতীয় কিশোরী উন্নয়ন কেন্দ্র গাজীপুরের কোনাবাড়ীতে অবস্থিত।

## যৌতুক (Dowry)

প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যদি কোন পক্ষ অপর পক্ষকে বিয়ে চলাকালীন, বিয়ের আগে বা পরে যেকোন সময় কোন সম্পদ বা মূল্যবান জামানত হস্তান্তর করে বা করতে সম্মত হয়, সেটাই যৌতুক। বাংলাদেশের আইনে যৌতুক নেয়া বা দেয়া উভয়ই অপরাধ। যৌতুক নিরোধ আইন, ১৯৮০ অনুসারে যৌতুক দেয়া- নেয়ার সর্বোচ্চ শাস্তি পাঁচ বছর পর্যন্ত কারাদণ্ড বা জরিমানা বা উভয় ধরনের শাস্তি হতে পারে।

## এসিড নিক্ষেপ (Throwing Acid)

'এসিড অপরাধ দমন আইন, ২০০২' এসিড অপরাধসমূহ কঠিনভাবে দমনের উদ্দেশ্যে বিধান করার লক্ষ্যে প্রণীত আইন। এই আইনে এসিড নিক্ষেপের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড অথবা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং এর অতিরিক্ত অনূর্ধ্ব এক লক্ষ টাকা অর্থদণ্ড করার বিধান রাখা হয়েছে। পাশাপাশি এসিডের আমদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয়, ব্যবহার ইত্যাদি নিয়ন্ত্রণের জন্য 'এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২' প্রবর্তন করা হয়েছে।

BCS Spotlight

## মাদকাসক্তি এবং ধূমপান (Addiction & Smoking)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনকল্পে ৫৬ ধারাবিশিষ্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ প্রণীত হয়। একই বছর প্রতিষ্ঠা করা হয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। অধিদপ্তরটি বর্তমানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন।



ধূমপান অর্থ কোন তামাকজাত দ্রব্যের ধোঁয়া শ্বাসের সাথে টেনে নেওয়া বা বাহির করা এবং কোন প্রজ্জ্বলিত তামাকজাত দ্রব্য ধারণ করা বা নিয়ন্ত্রণ করা। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (সংশোধিত-২০১৩) অনুযায়ী পাবলিক প্লেস এবং পাবলিক পরিবহনে ধূমপান নিষিদ্ধ করা হয়েছে। কোন ব্যক্তি এই আইন অমান্য করলে অনধিক তিনশত টাকা অর্থদণ্ডে দণ্ডিত হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করলে তিনি পর্যায়ক্রমে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হবেন।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## দুর্নীতি (Corruption)

ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অবৈধ পন্থায় নীতি বহির্ভূত বা জনস্বার্থ বিরোধী কাজই দুর্নীতি। যেমন- ঘুষ, স্বজনপ্রীতি প্রভৃতি।

দুর্নীতি দমন কমিশন (Anti-corruption Commission) - দুদক বাংলাদেশের একটি স্বাধীন, নিরপেক্ষ সংবিধিবদ্ধ দুর্নীতি প্রতিরোধক এবং সনাক্তকারী সংস্থা। এটি পূর্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে ছিল। ১৭ ফেব্রুয়ারি, ২০০৪ দুর্নীতি দমন কমিশন বিল পাস হয়। ২১ নভেম্বর, ২০০৪ দুর্নীতি দমন ব্যুরো বিলুপ্ত করে স্বাধীন 'দুর্নীতি দমন কমিশন' গঠিত হয়। ১ জন চেয়ারম্যান এবং ২ জন সদস্য নিয়ে দুর্নীতি দমন কমিশন গঠিত।

রাষ্ট্রপতির অধ্যাদেশে ২০০৮ সালের ৩ জুলাই 'সত্য ও জবাবদিহিতা কমিশন' গঠিত হয়। এ কমিশনের প্রধান ছিলেন বিচারপতি (অব.) হাবিবুর রহমান খান। দুর্নীতির দায়ে ২ বছরের কম মেয়াদে সাজাপ্রাপ্তদের শর্তসাপেক্ষে ক্ষমা করে দেওয়ার লক্ষ্যে গঠিত এ কমিশন 'ট্রুথ কমিশন' নামেই পরিচিতি পায়। একই বছর ১৩ নভেম্বর হাইকোর্ট ট্রুথ কমিশনকে অবৈধ ঘোষণা করে।

## সন্ত্রাসবাদ (Terrorism)

সামাজিক বা রাজনৈতিক উদ্দেশ্য সাধনের লক্ষ্যে কোনো বেসরকারি জনগণ অথবা অন্য যে কোনো অংশকে ভীতি প্রদর্শন বা দমনের জন্য ব্যক্তিগত বা সম্পদের উপর অবৈধ শক্তি প্রয়োগ বা সহিংসতার ব্যবহারকে সন্ত্রাস বলা হয়। সন্ত্রাস দমনে ২০০৯ সালের ২৪ ফেব্রুয়ারি সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ প্রবর্তন করা হয়। ২০১২ এবং ২০১৩ সালে আইনটি সংশোধিত হয়।

**অপারেশন ক্লিনহার্ট :** জননিরাপত্তা, সন্ত্রাস দমন এবং অবৈধ অস্ত্র উদ্ধারের মাধ্যমে দেশের শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তা করার জন্য ২০০২ সালের ১৬ অক্টোবর হতে ২০০৩ সালের ৯ জানুয়ারি পর্যন্ত 'অপারেশন ক্লিনহার্ট' নামে যৌথবাহিনীর একটি অভিযান পরিচালিত হয়। ওই অভিযানের কার্যক্রমকে দায়মুক্তি দিয়ে ২০০৩ সালের ৯ জানুয়ারি 'যৌথ অভিযান দায়মুক্তি অধ্যাদেশ' জারি করা হয়। হাইকোর্ট ২০১৫ সালে 'যৌথ অভিযান দায়মুক্তি আইন, ২০০৩' বাতিল ঘোষণা করে।

## MCQ Solution

১. **বাংলাদেশের এক নম্বর জাতীয় সামাজিক সমস্যা কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬ / সমাজসেবা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর : ০৫/ থানা সহকারী শিক্ষা অফিসার : ০৫]

ক) খাদ্য সমস্যা　　খ) নিরক্ষরতা সমস্যা
গ) মাদকাসক্তি সমস্যা　　ঘ) জনসংখ্যা সমস্যা

**উত্তর: ঘ**

২. **জনসংখ্যার আধিক্য রোধকল্পে বাংলাদেশে কবে জাতীয় জনসংখ্যা নীতি প্রণীত হয়?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব (ড্রাফটিং) : ০৫]

ক) ১৯৭২ সালে　　খ) ১৯৭৩ সালে
গ) ১৯৭৫ সালে　　ঘ) ১৯৭৬ সালে

**উত্তর: ঘ**

৩. **ভারতবর্ষে প্রথম আদমশুমারি হয় কোন সালে?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]

ক) ১৯৭২　　খ) ১৮৫০
গ) ১৮৭২　　ঘ) ১৯০১

**উত্তর: গ**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza　Edited by : Ajgar Ali　Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৪. বাংলাদেশে কয়টি আদমশুমারি হয়েছে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]
ⓚ দুইটি ⓚ তিনটি
ⓖ চারটি ⓖ পাঁচটি উত্তর: ঘ

৫. **The First Population Census of Bangladesh was held in** -[ICB Senior Officer : 14 / Union Bank Ltd. Senior Officer : 14]

**Or,**

বাংলাদেশে প্রথম আদমশুমারি কত সালে অনুষ্ঠিত হয়? [৩৬তম বিসিএস / কৃষি অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা : ১১/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮ / জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৫]
ⓐ 1972 ⓑ 1973
ⓒ 1974 ⓓ 1975 Ans. c

৬. বাংলাদেশের সর্বশেষ আদমশুমারি কোন সালে করা হয়েছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ -১১]
ⓚ ১৯৯৫ ⓚ ১৯৯৮
ⓖ ২০০১ ⓖ ২০০৫ উত্তর:
ব্যাখ্যা: বাংলাদেশে সর্বশেষ আদমশুমারি অনুষ্ঠিত হয় ২০১১ সালের ১৫-১৯ মার্চ।

৭. বাংলাদেশে আগামী কোন সনে আদমশুমারি করা হবে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১ / পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০]
ⓚ ২০১২ খ্রি: ⓚ ২০১৩ খ্রি:
ⓖ ২০১৪ খ্রি: ⓖ ২০১১ খ্রি: উত্তর:
ব্যাখ্যা: বাংলাদেশে আগামী আদমশুমারি হবে ২০২১ সনে।

৮. বাংলাদেশে শিশু আইন প্রণীত হয়- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ⓚ ১৯৭৪ সনে ⓚ ১৯৭৬ সনে
ⓖ ১৯৭৮ সনে ⓖ ১৯৮০ সনে উত্তর: ক

৯. ১৯৭৪ সালের শিশু আইনানুযায়ী বাংলাদেশের শিশুদের বয়স কত পর্যন্ত? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ১৭]
ⓚ ১২ ⓚ ১৪
ⓖ ১৬ ⓖ ১৮ উত্তর: গ

১০. বাংলাদেশের জাতীয় শিশুনীতি অনুযায়ী শিশুর বয়স– [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০ - ১১]
ⓚ ০ থেকে ৮ বছর ⓚ ১ থেকে ১০ বছর
ⓖ জন্ম থেকে ১৮ বছর ⓖ ১ থেকে ১২ বছর উত্তর : গ

১১. **When did Bangladesh ratify the UN Convention on the 'Rights of the Child'?** [Jahangirnagar University Admission Test (International Affairs) : 13-14]
ⓐ 1972 ⓑ 1981
ⓒ 1990 ⓓ 1995 Ans. c

১২. কোন শব্দটি শিশু অধিকারের সঙ্গে সম্পর্কিত? [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২ : ০৪]
ⓚ সি.পি.সি ⓚ সি.এম.এম
ⓖ সি.পি.এম ⓖ সি.আর.সি উত্তর: ঘ

১৩. বাংলাদেশ সরকার কোন সময়কালকে জাতীয় 'শিশু অধিকার দশক' হিসাবে ঘোষণা করেছে? [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ⓚ ১৯৭১ থেকে ১৯৮১ সালকে ⓚ ১৯৮১ থেকে ১৯৯০ সালকে
ⓖ ১৯৯১ থেকে ২০০০ সালকে ⓖ ২০০১ থেকে ২০১০ সালকে উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

১৪. বাংলাদেশে নারী ও শিশু নির্যাতন দমন আইন চালু হয় – [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার : ১৩]
ⓚ ২০০০ সালে ⓚ ২০০২ সালে
ⓖ ২০০৩ সালে ⓖ এ তিন সালের কোনো সালেই নয়
উত্তর: ক

১৫. বাংলাদেশের আইন অনুযায়ী নারী ও পুরুষের বিয়ের সর্বনিম্ন বয়স কত? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বুবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ⓚ ১৮ ও ২১ ⓚ ১৮ ও ২০
ⓖ ১৮ ও ১৮ ⓖ ১৮ ও ২৫
উত্তর: ক

১৬. বাংলাদেশের মেয়েদের বিয়ের নিম্নতম বয়স? [নির্বাচন কমিশন সচিবালয়ে উপজেলা/থানা নির্বাচন অফিসার : ০৮]
ⓚ ১৪ বছর ⓚ ১৮ বছর
ⓖ ১৬ বছর ⓖ ২২ বছর
উত্তর: খ

১৭. বাংলাদেশের আইন অনুযায়ী কত বছরের নিচে শিশুদের শ্রমে নিয়োগ করা যাবে না? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ⓚ ১২ বছর ⓚ ১৪ বছর
ⓖ ১৬ বছর ⓖ ১৮ বছর
উত্তর: খ

১৮. বাংলাদেশে কিশোর অপরাধী হিসেবে গণ্য হওয়া বয়স কত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪ / জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সিলেট বিভাগ) : ০৭]
ⓚ ৬-১৮ বছর ⓚ ৭-১৬ বছর
ⓖ ৯-১৫ বছর ⓖ ৮-১২ বছর
উত্তর : খ

১৯. বাংলাদেশের প্রথম কিশোর সংশোধন কেন্দ্রটি কোথায় অবস্থিত? [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (জবা) : ১১/ সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫]
ⓚ চাঁদপুর ⓚ টঙ্গী, গাজীপুর
ⓖ গোদনাইল ⓖ মোরাপাড়া
উত্তর : খ

২০. বাংলাদেশের একমাত্র কিশোরী সংশোধন প্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত? [২৫তম বিসিএস / তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫]
ⓚ টঙ্গি ⓚ কোনাবাড়ি
ⓖ যশোর ⓖ গাজীপুর
উত্তর: খ

২১. যৌতুক নিরোধ আইন প্রণয়ন করা হয় কত সালে? [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৫-০৬/ সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক : ০৫
ⓚ ১৯৮০ ⓚ ১৯৬১
ⓖ ১৯৫৫ ⓖ ১৯৪৮
উত্তর: ক

২২. যৌতুক দেওয়া ও নেওয়ার সর্বোচ্চ শাস্তি- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫]
ⓚ ১০ বছর কারাদণ্ড ⓚ মৃত্যুদণ্ড
ⓖ যাবজ্জীবন কারাদণ্ড ⓖ পাঁচ বছর কারাদণ্ড
উত্তর: ঘ

২৩. এসিড নিক্ষেপজনিত সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধের লক্ষ্যে গৃহীত অপরাধ দমন আইন পাস হয় কবে? [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ⓚ ১৩ মার্চ, ২০০২ ⓚ ১৫ মার্চ, ২০০৩
ⓖ ১৫ আগস্ট, ২০০৪ ⓖ ১৭ আগস্ট, ২০০৫
উত্তর: ক

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



২৪. বাংলাদেশের আইনে এসিড নিক্ষেপকারীর সর্বোচ্চ শাস্তি কি? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)-এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৯]

ⓚ মৃত্যুদণ্ড ⓚh যাবজ্জীবন কারাদণ্ড

ⓖ সশ্রম কারাদণ্ড ⓖh ক্ষতিপূরণ উত্তর: ক

২৫. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এ ধারা কয়টি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক : ১৩]

ⓚ ৫৯ ⓚh ৫৬

ⓖ ৫৭ ⓖh ৫৮ উত্তর: খ

২৬. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রতিষ্ঠিত হয় কোন সালে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক : ১৩]

ⓚ ১৯৮৯ ⓚh ১৯৯০

ⓖ ১৯৯১ ⓖh ১৯৯২ উত্তর: খ

২৭. বাংলাদেশ সরকার যে উদ্দেশ্যে সিগারেট উৎপাদনে ট্যাক্স বসায় – [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]

ⓚ রাজস্ব আয় ⓚh রাজস্ব আয় এবং ধূমপান নিরুৎসাহিতকরণ

ⓖ ধূমপান নিরুৎসাহিতকরণ ⓖh ধূমপানে উৎসাহ দান উত্তর: খ

২৮. বাংলাদেশে ধূমপান বিরোধী আইনে সর্বোচ্চ কত টাকার অর্থদণ্ডের বিধান রয়েছে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৭-০৮]

ⓚ ১০ ⓚh ৫০ ⓖ ১০০

ⓖh ২০০ ⓤ ৫০০ উত্তর:

২৯. নিম্নের কোন সংস্থাকে বিলুপ্ত করে স্বাধীন দুর্নীতি দমন কমিশন গঠন করা হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০৪-০৫]

ⓚ দুর্নীতি দমন ব্যুরো ⓚh দুর্নীতি দমন বিভাগ

ⓖ দুর্নীতি নিয়ন্ত্রণ সেল ⓖh দুর্নীতি দমন কমিশন উত্তর: ক

৩০. বাংলাদেশে দুর্নীতি দমন কমিশন বিল পাস হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]

ⓚ ১৭ ফেব্রুয়ারি ২০০৪ ⓚh ১৭ মার্চ ২০০৫

ⓖ ১৭ এপ্রিল ২০০৩ ⓖh ১৯ ফেব্রুয়ারি ২০০৪ উত্তর: ক

৩১. দুর্নীতি দমন কমিশন কোনটির অধীনে? [বাংলাদেশ টেলিভিশনের বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) : ০৬]

ⓚ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ⓚh রাষ্ট্রপতির সচিবালয়

ⓖ প্রধানমন্ত্রীর সচিবালয় ⓖh প্রতিরক্ষা মন্ত্রণালয় উত্তর:

৩২. বাংলাদেশে স্বাধীন দুর্নীতি দমন কমিশন গঠিত হয় কখন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৫-০৬]

ⓚ ১৩ আগস্ট ২০০৪ ⓚh ২১ আগস্ট ২০০৪

ⓖ ২১ নভেম্বর ২০০৪ ⓖh ২৫ মার্চ ২০০৫ উত্তর: গ

৩৩. স্বাধীন দুর্নীতি দমন কমিশন মোট কতজন সদস্য নিয়ে গঠিত? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ৩ জন ⓚh ৫ জন

ⓖ ৭ জন ⓖh ৯ জন উত্তর: ক

৩৪. বাংলাদেশে ২০০৮ সালের ৩রা আগস্ট গঠিত 'ট্রুথ কমিশন' এর সভাপতির নাম- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]

ⓚ বিচারপতি (অব.) হাবিবুর রহমান খান ⓚh বিচারপতি (অব) আব্দুর হামিদ

ⓖ বিচারপতি (অব.) হাবিব খান ⓖh বিচারপতি (অব :) এনায়েতুল্লাহ খান উত্তর: ক

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৩৫. সেনাবাহিনী দ্বারা পরিচালিত সন্ত্রাস দমন অভিযান কি নামে পরিচিত? [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০২-০৩]

ⓚ অপারেশন সার্চলাইট ⓚ অপারেশন ক্লিনহার্ট
ⓖ অপারেশন কিলিংহার্ট ⓖ অপারেশন ক্লিন পলিটিক্স

**উত্তর: খ**

৩৬. অপারেশন ক্লিনহার্ট যে বিষয়ের সাথে সম্পৃক্ত- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফিন্যান্স এন্ড ব্যাংকিং-অবাণিজ্য) : ০৪-০৫]

ⓚ হার্ট সার্জারি ⓚ পরিবেশ
ⓖ সন্ত্রাস ⓖ দুর্নীতি

**উত্তর: গ**

৩৭. অপারেশন ক্লিনহার্ট কত তারিখ শুরু হয়েছিল? [শ্রম পরিদপ্তরের প্রভাষক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন : ০৫ / থানা নির্বাচন অফিসার : ০৪]

ⓚ ১০ জুন, ২০০২ ⓚ ১৫ জুলাই, ২০০২
ⓖ ১৬ অক্টোবর, ২০০২ ⓖ ১ নভেম্বর, ২০০২

**উত্তর: গ**

৩৮. 'অপারেশন ক্লিন হার্ট' কোন সালের ঘটনা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]

ⓚ ২০০০ ⓚ ২০০১
ⓖ ২০০২ ⓖ ২০০৩

**উত্তর: গ,ঘ**

৩৯. 'দায়মুক্তি অধ্যাদেশ' জারি করা হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]

ⓚ ৮ জানুয়ারি ২০০৩ ⓚ ৯ জানুয়ারি ২০০৩
ⓖ ১০ জানুয়ারি ২০০৩ ⓖ ১৫ জানুয়ারি ২০০৩

**উত্তর: খ**

## নাগরিকদের অধিকার [সূত্র: সপ্তম শ্রেণির সামাজিক বিজ্ঞান]

| সামাজিক অধিকার | রাজনৈতিক অধিকার |
|---|---|
| জীবন ধারণের অধিকার | বসবাসের অধিকার |
| সম্পত্তির অধিকার | ভোট দানের অধিকার |
| চলাফেরা, সমাবেশ ও সমিতি করার অধিকার | আবেদন করা ও সরকারের সমালোচনা করার অধিকার |
| ধর্ম চর্চার অধিকার | প্রবাসে নিরাপত্তা লাভের অধিকার |
| শিক্ষা ও স্বাস্থ্যের অধিকার | সরকারী চাকরি লাভের অধিকার |
| পরিবার গঠনের অধিকার | |
| কর্মলাভের ও সামাজিক অর্থনৈতিক সুবিচারের অধিকার | |
| চিন্তা মতপ্রকাশ ও সংবাদপত্রের স্বাধীনতার অধিকার | |
| ভাষা ও সংস্কৃতির অধিকার | |

## জাতীয় মানবাধিকার কমিশন

২০০৮ সালের ১ সেপ্টেম্বর 'জাতীয় মানবাধিকার কমিশন' গঠিত হয়। জাতীয় মানবাধিকার আইন, ২০০৯ প্রণীত হলে কমিশন পুনর্গঠন করা হয়। একজন চেয়ারম্যান এবং অনধিক ছয়জন সদস্য নিয়ে কমিশন গঠিত হয়।

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

BCS Spotlight

www.bdniyog.com



## তথ্য অধিকার

২৯ মার্চ, ২০০৯ জাতীয় সংসদে 'তথ্য অধিকার আইন, ২০০৯' পাস হয় এবং ১ জুলাই, ২০০৯ আইনটি কার্যকর হয়। এই আইন অনুসারে, ১ জুলাই, ২০০৯ 'তথ্য কমিশন' যাত্রা শুরু করে। একজন প্রধান কমিশনার ও অন্য দুইজন কমিশনার নিয়ে 'তথ্য কমিশন' গঠিত হয়।

## নারীর অধিকার প্রতিষ্ঠায় গৃহীত পদক্ষেপ

নারীর অধিকার প্রতিষ্ঠায় সরকারের সবচেয়ে শক্তিশালী পদক্ষেপ হল সন্তানের পরিচয় দানে মায়ের নাম উল্লেখের নিয়ম প্রবর্তন। ২৪ আগস্ট, ২০০৪ সন্তানের পরিচয়ের ক্ষেত্রে বাবার নামের পাশাপাশি মায়ের নাম লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। সরকার মহিলা চাকুরিজীবীদের জন্য মাতৃত্বকালীন ৬ মাস নির্ধারণ করেছে। শুধুমাত্র দুটি সন্তানের জন্য এ ছুটি দেয়া হবে।

বিভিন্ন পদে নারীদের সংরক্ষিত কোটা

| পদ | কোটা |
|---|---|
| সরকারি গেজেটেড পদ | ১০% |
| সরকারি নন-গেজেটেড পদ | ১৫% |
| সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক | ৬০% |
| অন্যান্য সরকারি শিক্ষা প্রতিষ্ঠান | ৩০% |

## MCQ Solution

১. 'মত প্রকাশের অধিকার'– নাগরিকের কোন ধরনের অধিকার? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক সামাজিক খ নৈতিক
গ রাজনৈতিক ঘ ধর্মীয় **উত্তর: ক**

২. মানবাধিকার কোন ধরনের অধিকার? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪- ১৫]
ক প্রাকৃতিক অধিকার খ সামাজিক অধিকার
গ রাজনৈতিক অধিকার ঘ অর্থনৈতিক অধিকার **উত্তর: খ**

৩. জাতীয় মানবাধিকার কমিশন কবে গঠিত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৪ - ১৫ / কুমিল্লা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ক ১ সেপ্টেম্বর ২০০৮ খ ২ সেপ্টেম্বর ২০০৮
গ ৩ সেপ্টেম্বর ২০০৮ ঘ ৪ সেপ্টেম্বর ২০০৮ **উত্তর: ক**

৪. বাংলাদেশের তথ্য অধিকার আইন কবে পাস হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৩-১৪/ টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) : ১৩]
ক ২৯ মার্চ ২০০৯ খ ২২ মার্চ ২০০৯
গ ২৭ মার্চ ২০০৯ ঘ ২১ মার্চ ২০০৯ **উত্তর: ক**

৫. 'তথ্য অধিকার আইন, ২০০৯' কবে থেকে কার্যকর হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১২-১৩]
ক ২৯ মার্চ ২০০৮ খ ২৯ মার্চ ২০০৯
গ ৫ এপ্রিল ২০০৯ ঘ ১ জুলাই ২০০৯ **উত্তর: ঘ**

৬. **Right to Information Act sets out its journey in Bangladesh in the year** [PKSF Assistant Manager : 14]
ⓐ 2008 ⓑ 2009
ⓒ 2010 ⓓ 2011 **Ans. b**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

৭. বাংলাদেশে সন্তানের পরিচয়ের ক্ষেত্রে বাবার পাশাপাশি মায়ের নাম লেখার সিদ্ধান্ত গৃহীত হয় কবে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৮-০৯/ জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]

ⓚ ২২ আগস্ট, ২০০৪ ⓛ ২৪ আগস্ট, ২০০৪
ⓜ ২৩ জুলাই, ২০০৪ ⓝ ২১ জুলাই, ২০০৪

উত্তর: খ

৮. প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা কত শতাংশ? [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার : ০৪]

ⓚ ১৫ ⓛ ৫ ⓜ ১০ ⓝ ২০

উত্তর : গ

৯. নারীর অধিকার প্রতিষ্ঠায় সরকারের সবচেয়ে শক্তিশালী পদক্ষেপ হল- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা : ০১]

ⓚ বিভিন্ন উচ্চপদে নারীর নিয়োগদান
ⓛ ইউনিয়ন পরিষদে জনগণের সরাসরি ভোটে নারী প্রতিনিধি নির্বাচন
ⓜ সন্তানের পরিচয় দানে মায়ের নাম উল্লেখের নিয়ম প্রবর্তন করে
ⓝ সামরিক বাহিনীতে নারীর নিয়োগদানের বিধান প্রণয়ন

উত্তর : গ

১০. দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মহিলা শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক করা হয়েছে- [বহু হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১/ আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার : ০৭]

ⓚ ৩০ শতাংশে ⓛ ৩৩ শতাংশে
ⓜ ৪০ শতাংশে ⓝ ৩৯ শতাংশে

উত্তর : ক

১১. প্রাথমিক স্কুলে শিক্ষক পদের শতকরা কত ভাগ মহিলাদের নিয়োগ করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১৪]

ⓚ ৮০% ⓛ ৫০%
ⓜ ৬০% ⓝ ৭০%

উত্তর : গ

১২. প্রাথমিক স্কুলে ৬০% বা আরো অধিক হারে মহিলা শিক্ষক নিয়োগের পক্ষে প্রধান যুক্তি কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৭]

ⓚ মহিলারা শিশুদের প্রতি বেশি স্নেহশীল ⓛ শিক্ষক হিসেবে মহিলারা বেশি দক্ষ
ⓜ স্কুল সময়ে মহিলারা স্কুল ছেড়ে যান না ⓝ মহিলারা রাজনীতিতে কম জড়িত থাকেন

উত্তর : ক

১৩. বাংলাদেশে বর্তমানে সরকারিভাবে মাতৃত্বকালীন ছুটি কত মাস? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট): ১৩-১৪ / পরিবার পরিকল্পনা সহকারী : ১১]

ⓚ ৪ মাস ⓛ ৫ মাস
ⓜ ৬ মাস ⓝ ৮ মাস

উত্তর: গ

১৪. CPD- এর সম্প্রসারণ কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]

ⓚ Central Purchasing Department ⓛ Centre for Policy Dialogue
ⓜ Central Publicity Department ⓝ Center for Policy Donation
ⓞ Child Prodigy Dossier

উত্তর: খ

ব্যাখ্যা : ১৯৯৩ সালে রেহমান সোবহান CPD প্রতিষ্ঠা করেন।

১৫. NDI stands for- [RAKUB Senior Officer : 06]

ⓐ National Democratic Initiatives
ⓑ National Development Intiatives
ⓒ National Democratic Institute
ⓓ National Democratic Interaction
ⓔ National Development Institute

Ans. c

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner